

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ
শিক্ষা উইং

নং-২০.২১১.০১৪.০০.০০.০৭ (অংশ-১)/২০১৬/২৭৮


তারিখঃ ০৯ মাঘ ১৪২৩
২২ জানুয়ারি, ২০১৭

বিষয়ঃ শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নধীন “Establishment of Foreign Language Training Centers-II (FLTC-II) (২য় সংশোধিত)”- শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ আইএমইডি প্রদত্ত শর্তসহ মার্চ, ২০১৭ পর্যন্ত ৩ (তিন) মাস বৃদ্ধি সংক্রান্ত।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.১২২.১৪.১৬২.১১-১৯৫, তারিখঃ ২০-১২-২০১৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় “Establishment of Foreign Language Training Centers-II (FLTC-II) (২য় সংশোধিত)”-শীর্ষক প্রকল্পের সমুদয় কাজ সম্পাদন করার লক্ষ্যে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ আইএমইডি প্রদত্ত শর্তসহ মার্চ, ২০১৭ পর্যন্ত নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে বৃদ্ধি করা হলে:

- (ক) প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির কথা বলা হলেও কিছু খাতে যেমনঃ বেতন/ভাতা, পরিচালন, রক্ষণাবেক্ষণ ইত্যাদি খাতে ব্যয় সময় বৃদ্ধির সাথে সাথে বৃদ্ধি পায়। এছাড়া, সময় বৃদ্ধির সাথে সাথে ইতোমধ্যে ব্যয়িত অর্থের উপযোগীতা প্রাপ্তি বিলম্বিত হয়। তাই অতি আবশ্যিক না হলে মেয়াদ বৃদ্ধির এ সংস্কৃতি পরিহার করা প্রয়োজন।
- (খ) প্রকল্পের সকল কাজ যথাসময়ে সম্পাদনের নিমিত্ত সংশোধিত কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক তা আইএমইডি’তে প্রেরণ করতে হবে এবং সে অনুযায়ী বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;
- (গ) বর্ধিত মেয়াদের মধ্যে আলোচ্য প্রকল্পের সমুদয় কার্যাদি সম্পাদনের নিমিত্ত শিক্ষা মন্ত্রণালয়সহ প্রকল্প সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিবিড় তদারকি নিশ্চিত করতে হবে;
- (ঘ) প্রকল্পের কোন অংশের ব্যয় ও পরিমাণ অনুমোদিত ডিপিপি’র সংস্থানের অতিরিক্ত করা যাবে না;
- (ঙ) প্রকল্পের মেয়াদ কোন অবস্থাতেই আর বৃদ্ধি করা যাবে না, এবং
- (চ) প্রকল্পটি সমাপ্ত ঘোষণার পর যথাসময়ে (প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে) প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) যথাযথ কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।


22.1.2017
(ফয়সল আহমেদ)
সিনিয়র সহকারী প্রধান
ফোন : ৯১৮০৬৬৭

সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।

২। প্রকল্প পরিচালক, “Establishment of Foreign Language Training Centers-II (FLTC-II) (২য় সংশোধিত)”-শীর্ষক প্রকল্প, শিক্ষা ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।

৩। সদস্য মহোদয়ের একান্ত সচিব, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।

৪। সংশ্লিষ্ট নথি।